## জয়পুরহাটের সেই সাবিনার পাশে দাড়িয়েছেন জয়পুরহাট জেলার পুলিশ সুপারঃ



জয়পুরহাট সদর উপজেলার খুমারি পাড়া গ্রামের সাবিনা বেগম তার দুই শিশুর খাবারের জন্য দিশেহারা হয়ে পরেছিলেন। দুধের টাকা জোগাড় করতে না পেরে অসহায় সাবিনা দুই সন্তানের মধ্যে একজনকে দত্তক দিতেও চেয়েছিলেন। পরে বিষয়টি নিয়ে সন্তানের দুধের জন্য মায়ের আকুতি এই শিরোনামে বিভিন্ন পত্রিকায় খবরটি প্রকাশিত হয়। কোলের দুই শিশুর জন্য খাবারের আকুতি জানানো সাবিনা বেগমকে নিয়ে প্রকাশিত খবর পড়ে এই অসহায় পরিবারের পাশে দাড়িয়েছেন জয়পুরহাট জেলা পুলিশ সুপার মাছুম আহাম্মদ ভূঞা, পিপিএম। ৫ আগস্ট বিকালে পুলিশ সুপারের কার্যালয়ে নগদ অর্থ প্রদান করেন তিনি। জেলা পুলিশ সুপার মাছুম আহাম্মদ ভূঞা, পিপিএম বলেন, খবরটি পড়ে অনেক খারাপ লেগেছে। আমার ব্যক্তিগত পক্ষ থেকে এই মায়ের সন্তানদের জন্য কিছু নগদ অর্থ প্রদান করি এবং তাদের সবসময় খোঁজ খবর রাখবো।

এসময় সাবিনা বেগম আবেগে কেঁদে ফেলেন। কান্নাজড়িত কণ্ঠে তিনি বলেন, সংবাদ প্রকাশ হওয়ায় এই সহায়তা পেয়েছি। সাংবাদিক ভাইকে ধন্যবাদ জানাচ্ছি। পুলিশ সুপার স্যার আমার সন্তানের জন্য টাকা দিলেন, তিনিসহ ইউএনও স্যারকেও ধন্যবাদ জানাই। আল্লাহ তাদের সবার ভালো করবেন।

## জয়পুরহাট জেলা পুলিশের দৃষ্টিনন্দন আধুনিক ডাইনিং মেস উদ্বোধন করেন সম্মানিত রেঞ্জ ডিআইজি, রাজশাহী





গত ২৩ আগস্ট ২০২১ খ্রি. সোমবার জয়পুরহাট জেলার পুলিশ লাইনস আধুনিক ডাইনিং মেস-এর শুভ উদ্বোধন করেন জনাব মোঃ আব্দুল বাতেন, বিপিএম, পিপিএম ডিআইজি, রাজশাহী রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, রাজশাহী মহোদয়।

প্রধান অতিথির বক্তব্যে সম্মানিত রেঞ্জ ডিআইজি, রাজশাহী জনাব মোঃ আব্দুল বাতেন, বিপিএম, পিপিএম মহোদয় বলেন, মাননীয় ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ এর নির্দেশিত ফোর্সের সার্বিক কল্যাণ নিশ্চিতকরণের লক্ষ্যে জয়পুরহাট জেলার পুলিশ কতৃক আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত ডাইনিং মেস ও উন্নত খাবার মেন্যুর প্রবর্তন নিঃসন্দেহে পুলিশ সদস্যদের কর্মস্পৃহা বৃদ্ধি ও  সাধারণ মানুষকে অধিকতর সেবা প্রদানে উৎসাহিত করবে।


প্রথম আলো
বছরের সাজা ভোগের ভয়ে ৩২ বছর পালিয়ে ছিলেন
কালাই থানা
DHAKA POST
আক্কেলপুর থানা
ইত্তেফাক
১৫ পিস ইয়াবার জন্য বন্ধুদের হাতে খুন হন সুমন
প্রথম আলো
কালোবাজারে ট্রেনের টিকিট বিক্রি, পাঁচজন গ্রেপ্তার
মাদকসহ দুই ব্যবসায়ী আটক
Published : Thursday, 22 April, 2021 at 3:54 PM
পাঁচবিবি থানা জয়পুরহাট
গোপন বৈঠককালে জামায়াতের জেলা আমীরসহ আটক ৫

# ইন-সার্ভিস ট্রেনিং সেন্টারসমূহ



ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, রাজশাহী



ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, বগুড়া



ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, নওগাঁ



ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, সিরাজগঞ্জ

# দক্ষ ও পেশাদার পুলিশ তৈরীতে ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার স্বপ্নের "ডিজিটাল বাংলাদেশ" গড়ে তোলার অংশ হিসেবে পুলিশ বাহিনীকে আধুনিকায়ন করার লক্ষ্যে কাজ করে চলেছেন বর্তমান ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, বাংলাদেশ ড. বেনজীর আহমেদ, বিপিএম(বার)। আইজিপি মহোদয়ের নির্দেশনাকে ধারন করে একটি গতিশীল, গণতান্ত্রিক ও জনবান্ধব রাজশাহী রেঞ্জ পুলিশ ব্যবস্থাপনার লক্ষে কজে করে যাচ্ছেন জনাব মোঃ আবুল বাতেন, বিপিএম, পিপিএম, ডিআইজি, রাজশাহী রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, রাজশাহী।

## প্রশিক্ষণ কার্যক্রম

দেশব্যাপী চলমান কোভিড-১৯ পরিস্থিতির কারণে ইন-সার্ভিস ট্রেনিং সেন্টারসমূহে পুলিশ হেডকোয়ার্টার্সের নির্দেশনা মোতাবেক বেশ কিছু দিন প্রশিক্ষণ কার্যক্রম স্থগিত ছিল। তথাপি গত সেপ্টেম্বর/২০২০ থেকে সেপ্টেম্বর/২০২১ পর্যন্ত বর্তমান রেঞ্জ ডিআইজি স্যারের নির্দেশনায় বিভিন্ন পদমর্যাদার পুলিশ সদস্যদের জন্য ৩১ টি প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজনের মাধ্যমে মোট ৯৩০ জন পুলিশ সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

প্রশিক্ষিত ৯৩০ জন পুলিশ সদস্যের মধ্যেঅতিরিক্ত পুলিশ সুপার ১৩ জন, সহকারি পুলিশ সুপার ০৪ জন, পুলিশ পরিদর্শক (নিরস্ত্র)/ট্রাফিক ইন্সপেক্টর ৮৪ জন, এসআই(নিরস্ত্র)/সার্জেন্ট/টিএসআই ২৩৯ জন এবং অন্যান্য পদমর্যাদার মোট ৬৯০জন রয়েছেন। পুলিশ কয়েকটি বিশেষ প্রশিক্ষণ এর সংক্ষিপ্ত চিত্র তুলে ধরা হলো-

## দক্ষতা উন্নয়ন কোর্স

০৫ সেপ্টেম্বর, ২০২১ খ্রি. পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা হতে আইজিপি মহোদয় ভার্চুয়ালি সংযুক্ত হয়ে পুলিশের সকল সদস্যের পদমর্যাদাভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন। ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, রাজশাহী'র পরিচালনায় পৃথক পৃথক ০৩ টি ভেন্যু রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ জেলা ও আরএমপি, রাজশাহী'তে কনস্টেবল ও নায়েক পদমর্যাদার ১০৫ জন পুলিশ সদস্যদের নিয়ে ০১ সপ্তাহ মেয়াদি "দক্ষতা উন্নয়ন কোর্স" (১ম ব্যাচ) অনুষ্ঠিত হয়। সম্মানিত আইজিপি মহোদয় ভার্চুয়ালি চলমান প্রশিক্ষণ কোর্সের রাত্রীকালীন সেশনে অংশগ্রহণ করে প্রশিক্ষণ সংক্রান্তে দিক-নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।



ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, বাংলাদেশ মহোদয় কর্তৃক ভার্চুয়ালি পদমর্যাদা ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠান



ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, বাংলাদেশ মহোদয়ের রাত্রীকালীন সেশনে ডিআইজি, রাজশাহী রেঞ্জ ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাসহ প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণ

## বিট পুলিশিং কর্মশালা

রাজশাহী এবং চাঁপাইনবাবগঞ্জ জেলার এএসআই হতে অতিরিক্ত পুলিশ সুপার পদমর্যাদার পুলিশ সদস্যদের জন্য মোট ০৮ টি "বিট পুলিশিং" বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়।




ডিআইজি, রাজশাহী রেঞ্জ ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাদের বিট পুলিশিং কনফারেন্সে অংশগ্রহণ




ডিআইজি, রাজশাহী রেঞ্জ ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে বিট পুলিশিং কনফারেন্সের প্রশিক্ষণার্থীগণ

## "সাইবার ক্রাইম সম্পর্কিত মামলা তদন্ত" বিষয়ক বিশেষ প্রশিক্ষণ

অপরাধী শনাক্তকরণ ও সাক্ষ্যপ্রমাণ সংগ্রহের ক্ষেত্রে পুলিশ এখন আগের চেয়ে অনেক বেশি প্রযুক্তিনির্ভর প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বৈজ্ঞানিক প্রক্রিয়ায় তদন্ত পরিচালনা, সাইবার ক্রাইম তদন্ত সক্ষমতা জোরদার করার জন্য রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলার ৪০ জন মামলা তদন্ত ও তদন্ত তদারককারী কর্মকর্তাদের জন্য "সাইবার ক্রাইম সম্পর্কিত মামলা তদন্ত" বিষয়ক বিশেষ প্রশিক্ষণএর আয়োজন করা হয়।



সাইবার ক্রাইম সম্পর্কিত আলোচনায় অতিরিক্ত ডিআইজি, রাজশাহী রেঞ্জ মহোদয় এবং প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণ



ডিআইজি, রাজশাহী রেঞ্জ মহোদয় কর্তৃক প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠান

## মামলা তদন্তে ত্রুটি ও বিচ্যুতি বিষয়ক কর্মশালা



জনাব মোহাম্মদ ইকবাল বাহার, বিজ্ঞ চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, রাজশাহী মহোদয়ের সাথে প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণমূলক সেশন



বিজ্ঞ চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, রাজশাহী ও কমান্ড্যান্ট (পুলিশ সুপার), রাজশাহী মহোদয় কর্তৃক প্রশিক্ষণার্থীদের সার্টিফিকেট প্রদান অনুষ্ঠান

উক্ত প্রশিক্ষণ কর্মশালায় মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞ চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, রাজশাহী ও সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, রাজশাহী। অত্যন্ত ফলপ্রসূ এই কর্মশালার মাধ্যমে প্রশিক্ষণার্থীগণ মামলা তদন্তে ত্রুটি ও বিচ্যুতি প্রতিরোধে কার্যকর ভূমিকা পালন করছেন।

## পার্সোনাল হেলথ্ অ্যান্ড হাইজিন বিষয়ক কর্মশালা

সোশ্যাল মার্কেটিং কোম্পানি লি. এর সহযোগীতায় রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলা এবং আরআরএফ, রাজশাহী'র ১০০ জন নারী পুলিশ সদস্যদের জন্য ০২ টিপার্সোনাল হেলথ্ অ্যান্ড হাইজিনবিষয়ক কর্মশালার আয়োজন করা হয়। এই কর্মশালায় মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ডা. মোসা আমিনা ফেরদৌস, এমবিবিএস(আরএমসি), সিএমইউ, ডিএমইউ, এমপিএইচ (ইউনিভার্সিটি অব গ্লাসগো, যুক্তরাজ্য) মেডিকেল অফিসার, নওহাটা পৌরসভা, পবা, রাজশাহী।




কর্মশালায় অংশগ্রহণকারীদের সাথে পুলিশ সুপার, রাজশাহী, কমান্ড্যান্ট (পুলিশ সুপার) এবং অতিথি বক্তা মহোদয়



হেলথ্ অ্যান্ড হাইজিন বিষয়ক উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণরত মূল আলোচক ও নারী পুলিশ সদস্যগণ

## হিজড়া/ট্রান্সজেন্ডার কমিউনিটির সাথে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের মতবিনিময় সভা

রেঞ্জ ডিআইজি মহোদয়ের নির্দেশনায় ইউএনডিপি এবং বন্ধু ওয়েলফেয়ার সোসাইটির সার্বিক সহযোগীতায় রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলার ২৩ জন পুলিশ কর্মকর্তা, হিজড়া কমিউনিটির ০৮ জন এবং সহযোগী সংস্থার ০৪ জন প্রতিনিধির সমন্বয়ে ০১ টি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।




উদ্বোধনী অনুষ্ঠানে অতিরিক্ত ডিআইজি, রাজশাহী রেঞ্জ, কমান্ড্যান্ট (পুলিশ সুপার) এবং অন্যান্য প্রতিনিধিবৃন্দের উপস্থিতি



হিজড়া কমিউনিটির প্রতিনিধিদের সাথে পুলিশ সদস্যদের মতবিনিময় সেশন

## পেশাদার পুলিশ তৈরীতে ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, বগুড়া

প্রশিক্ষণ কার্যক্রম

দেশব্যাপী চলমান কোভিড-১৯ পরিস্থিতির কারণে ইন-সার্ভিস ট্রেনিং সেন্টারসমূহের প্রশিক্ষণ কার্যক্রম পুলিশ হেকোয়ার্টার্সের নির্দেশনা মোতাবেক বেশ কিছু দিন প্রশিক্ষণ স্থগিত ছিল। তথাপি গত সেপ্টেম্বর/২০২০ হতে অক্টোবর/২০২১ পর্যন্ত বর্তমান রাজশাহী রেঞ্জ ডিআইজি মহোদয়ের নির্দেশনায় বিভিন্ন পদমর্যাদার পুলিশ সদস্যদের জন্য ২১ টি কোর্স এবং ১৭ টি কর্মশালা আয়োজনের মাধ্যমে মোট =১১৫৯ জন পুলিশ সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

# সেপ্টেম্বর/২০২০ হতে অক্টোবর/২০২১ পর্যন্ত প্রশিক্ষণের তালিকা

দক্ষতা উন্নয়ন কোর্স

ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, বগুড়া'র পরিচালনায় পৃথক পৃথক ০৩টি ভেন্যু নাটোর জেলা, ৪ এপিবিএন এবং বগুড়া জেলার কনস্টেবল ও নায়েক পদমর্যাদার পুলিশ সদস্যদের জন্য ০১ সপ্তাহ মেয়াদী "দক্ষতা উন্নয়ন কোর্স" (১ম ব্যাচ) শুরু হয় এবং উক্ত প্রশিক্ষণে ১০৫ জন কনস্টেবল ও নায়েক পদমর্যাদার পুলিশ সদস্য অংশগ্রহণ করেন।





সম্মানিত ডিআইজি জনাব মোঃ আব্দুল বাতেন, বিপিএম পিপিএম, রাজশাহী রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, রাজশাহী মহোদয় বগুড়া জেলার পুলিশ সুপার, নাটোর জেলার পুলিশ সুপার, ৪ এপিবিএন, বগুড়া'র অধিনায়ক (পুলিশ সুপার), ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, বগুড়া'র কমান্ড্যান্ট (পুলিশ সুপার) উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

## বিট পুলিশিং কর্মশালা





সম্মানিত ডিআইজি, রাজশাহী রেঞ্জ মহোদয়ের নির্দেশনায়, বগুড়া, নাটোর জেলার এএসআই, এসআই এবং ইন্সপেক্টর পদমর্যাদার পুলিশ সদস্যদের জন্য মোট ১০টি ব্যাচের আয়োজন করা হয়।

## ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার নওগাঁ

ইন-সার্ভিস ট্রেনিং সেন্টারে প্রশিক্ষণ উপযোগী ০৯ (নয়) টি মডিউল প্রস্তুত করা হয় । সাব-ইন্সপেক্টর ও সহকারী সাব-ইন্সপেক্টরদের জন্য মডিউলগুলো হলো-(১) Junior leadership Course (২) Introductory Investigative Course (৩) মানবসম্পদ উন্নয়ন ও অফিস ব্যবস্থাপনা কোর্স (৪) জনশৃঙ্খলা ব্যবস্থাপনা ও নিরাপত্তা কোর্স (৫)মানবাধিকার,জেন্ডার সচেতনতা এবং সামাজিক দায়িত্ব কোর্স। কনস্টেবলদের জন্য (৬) ঝালাই কোর্স (৭) তদন্ত সহায়ক কোর্স (৮) মানবাধিকার,জেন্ডার সচেতনতা এবং সামাজিক দায়িত্ব কোর্স এবং (৯) অফিস ব্যবস্থাপনা কোর্স। ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার নওগাঁ এ কোর্সগুলো সংযুক্ত ক্যালেন্ডার অনুযায়ী পরিচালনার পাশাপাশি বর্তমানের ন্যায় প্রয়োজন ভিত্তিক কোর্স পরিচালনা করে আসছে। কোর্সগুলোকে মাঠপর্যায়ের কাজের সাথে সঙ্গতি রেখে এবং জনপ্রত্যাশার বিষয়টি বিবেচনা করে সাজানো হয়েছে। মাননীয় আইজিপি মহোয়ের নির্দেশক্রমে বাংলাদেশ পুলিশের সকল পদমর্যাদার পুলিশ সদস্যদের প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে গত ০৫/০৯/২০২১ খ্রিঃ হতে কনস্টেবল ও নায়েকদের দক্ষতা উন্নয়ন কোর্স চালু হয়েছে।





কমান্ড্যান্ট (পুলিশ সুপার), ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, নওগাঁ মহোদয় কর্তৃক প্রশিক্ষণার্থীদের সার্টিফিকেট প্রদান অনুষ্ঠান

## ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার সিরাজগঞ্জ

বাংলাদেশ পুলিশের কনস্টেবল থেকে পরিদর্শক পর্যন্ত পদমর্যাদার সদস্যদের কর্মক্ষেত্রে অধিকতর দক্ষ, কৌশলী, যুগোপযোগী জ্ঞানসম্পন্ন করে গড়ে তোলার জন্য দেশব্যাপী ৩০ (ত্রিশ) টি ইন-সার্ভিস ট্রেনিং সেন্টারের যাত্রা শুরু হয়েছিল। সিরাজগঞ্জে প্রতিষ্ঠিত ইন-সার্ভিস ট্রেনিং সেন্টারটি পাবনা ও সিরাজগঞ্জ জেলার আওতাধীন এলাকায় কর্মরত পুলিশ ইউনিট সমূহের সদস্যদের পুলিশ সদর দপ্তরের নির্দেশিত কারিকুলাম অনুসারে প্রশিক্ষণ প্রদান করে থাকে।

### বিট পুলিশিং কর্মশালাঃ

বিট পুলিশিং বিষয়ক ১২ (বার) টি কর্মশালা ও ০৪ (চার) টি কোর্সের মাধ্যমে পাবনা ও সিরাজগঞ্জ জেলার ৪৬৪ (চারশত চৌষট্টি) জনকে (পরিদর্শক, এসআই ও এএসআই) প্রশিক্ষণ প্রদান করে



বিট পুলিশিং কর্মশালা



জিডি লিখন ও থানায় আগতদের সাথে আচরণ বিষয়ক কোর্স

## জিডি লিখন ও থানায় আগত সেবাপ্রার্থীদের সাথে আচরণ বিষয়ক কোর্সঃ

সম্মানিত ডিআইজি মহোদয় নভেম্বর/২০ মাসে সিরাজগঞ্জ জেলা পুলিশ বার্ষিক পরিদর্শনের সময় নারী পুলিশ সদস্যদের জন্য "জিডি লিখন ও থানায় আগত সেবাপ্রার্থীদের সাথে আচরণ বিষয়ক প্রশিক্ষণ কোর্স" আয়োজনের নির্দেশনা প্রদান করেন। তাঁর নির্দেশনার পর পাবনা ও সিরাজগঞ্জ জেলার ৬০ (ষাট) জন নারী পুলিশ সদস্যকে দু'টি ব্যাচে জিডি লিখন বিষয়ে ও সেবা প্রার্থীদের সাথে আচরণ সংক্রান্তে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষিত নারী পুলিশ সদস্যগণকে প্রতিটি থানায় পদায়ন করা হয়েছে এবং তারা ডিউটি অফিসারের সাথে থেকে জিডি লিখার মাধ্যমে ও সেবা প্রার্থীদেরকে প্রাথমিক উপস্থিতিতেই একটি ভালো আচরণ উপহার দিয়ে বাংলাদেশ পুলিশের ভাবমূর্তি উজ্জল করতে ভূমিকা রাখছে।

## Professional Skill Development for DSB officialst

পাবনা ও সিরাজগঞ্জ জেলায় ডিএসবিতে কর্মরত ৬০ (ষাট) জন সদস্যকে (পরিদর্শক, এসআই, এএসআই ও কনস্টেবল) দু'টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষিত গোয়েন্দা সদস্যগণ বর্তমানে অধিকতর দক্ষতা ও পেশাদারিত্বের সাথে তাদের উপর অর্পিত দায়িত্ব পালন করছেন।